[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, গত ১৯ ডিসেম্বর সন্ধ্যা রাতে বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হয় সাকিব হাসান। পরদিন ২০ ডিসেম্বর দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরী নথিভুক্ত করেন তার মা শেফালী বেগম।

জিডির সূত্র ধরে অপহৃত সাকিবকে উদ্ধারে মাঠে নামে পুলিশ। এর মধ্যে পুলিশ একজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে আটককৃতের স্বীকারোক্তিতে শনিবার দুপুরে যদুপুর গ্রামের একটি আমাবাগানের ভেতর থেকে সাকিবের মরদেহ উদ্ধার করা হয়। ধারনা করা হচ্ছে তাকে শ্বাসরোধ করে হত্যা করে ফেলে রেখে গেছে অপহরণকারীরা।

নিহতের মা শেফালী বেগম জানান, গত ১৯ ডিসেম্বর সন্ধ্যায় কৌশলে সাকিবকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায় অপহরণ চক্রের সদস্যরা। এরপর দিন তার কাছে মোবাইল ফোনের মাধ্যমে ছয় লাখ টাকা মুক্তিপণ দাবী করা হয়। তখন সাকিবের মা দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরী দায়ের করেন। পরে শনিবার দুপুরে তার মরদেহ উদ্ধার করা হয়।

ওসি আরো জানান, সাকিবের মরদেহ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে তাকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। মামলার তদন্তের স্বার্থে এখনই বিস্তারিত জানাতে চাননি তিনি।

সাংবাদিক তাপসের নিজ উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

সারাদেশের ন্যায় মেহেরপুরেও চলছে শৈত্যপ্রবাহ। এই শীত নিবারণের জন্য মেহেরপুরের গাংনী উপজেলার ঢেপা গ্রামে নবনির্মিত একটি মাদ্রাসায় শিক্ষার্থী ও শিক্ষকদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস।

গতকাল শুক্রবার বিকালে তার নিজ গ্রামের বাড়িতে স্বাস্থ্যবিধি মেনে ৬৫ জন মাদ্রাসার শিক্ষার্থী ও ৪ জন শিক্ষকের মাঝে কম্বল বিতরণ করা হয়।

মাদ্রাসার প্রধান শিক্ষক মাওলানা ফরহাদ হোসেন হারুন বলেন, শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণের জন্য তাপস ভাই যে উদ্যোগ নিয়েছে সত্যিই তা প্রশংসনীয়। শীতের প্রকোপের কারণে বিদ্যালয় থেকে বিচ্ছিন্ন হয়ে পড়া শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার ক্ষেত্রে ভূমিকা রাখবে। গ্রামের সকল বিত্তবান লোকেরা যদি যে কোন ভাবে মাদ্রাসার দিকে হাত বাড়িয়ে দেয় তাহলে এলাকার ছেলেরা ভালো ভাবে শিক্ষা গ্রহণ করতে পারবে।

সাংবাদিক তাপস বলেন, প্রাকৃতিক দূর্যোগ ও মনুষ্য সৃষ্টি যে কোনো প্রতিঘাত থেকে এলাকার মানুষকে সুরক্ষার জন্য আমি সবসময় সাধারণ মানুষের পাশে থাকবো। মানুষের জন্য ইতিবাচক কিছু করলে নিজের কাছে ভালো লাগে। এভাবে আমার মত এলাকার লোকজন বা কোন প্রতিষ্ঠান যদি এগিয়ে আসে তাহলে ভাল কিছু করা সম্ভব।

কম্বল বিতরণ অনুষ্ঠানে সাংবাদিক তাপসের পিতা হারুন অর রশিদ হারুনসহ পরিবারের সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মুজিবনগর বিশ্ববিদ্যালয় ও রেল লাইন নির্মানে আনন্দ মিছিল

মেহেরপুর সদর উপজেলা আমঝুপিতে আজ বিকেলে আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে আনন্দ মিছিল বের করেন।

মিছিলটি আমঝুপি বাজার হয়ে চাঁদবিল হয়ে বিভিন্ন রাস্তা প্রর্দক্ষিণ করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগ ও আমঝুপি ইউনিয়ন চেয়ারম্যান বোরহান উদ্দিন।

মিছিলে আরো উপস্থিত ছিলেন মতিয়ার রহমান, আনোয়ার সাদাত, ইউপি সদস্য মশিউর রহমান ডাবলু, আকতার হোসেন, আবুল কাশেম। মাহবুব আলম,

জাকির হোসেন, হাজী আঃ জলিল, মিল্টন, টুটুল, আবুল হাসান, আশরাফুল হক, মিনারুল, আঃ লতিফ, কাওছার, তারিক, ইসমাইল, নজরুল ইসলাম।

প্রতারণার ফাঁদে বিকাশ এজেন্ট

ঝিনাইদহের বৈডাঙ্গা বাজারের বিকাশ এজেন্ট কে প্রতারণার ফাঁদে ফেলে ১২হাজার টাকা হাতিয়ে নিয়েছে একটি প্রতারক চক্র। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাত ৯টার দিকে বৈডাঙ্গা বাজারের অপূর্ণা স্টুডিওতে।

ঘটনা অনুসন্ধানে জানা যায়, বৃহস্পতিবার রাত ৯টা ১মিনিটে ০১৮১০-২১৯৮৭৬ নম্বর থেকে বিকাশ হেড অফিসের পরিচয় দিয়ে লেনদেন সম্পর্কে খোজ খবর নেয় এবং ব্যবসায় বাড়ানোর ব্যাপারে পরামর্শ দেন। এর কিছুক্ষন পরে ঝিনাইদহ বিকাশ হাউজের এস আর এর মাদার সেট (বিটুবি) এজেন্ট নং ০১৭০১-৬৮৫৫৭৩ থেকে ফোন কল দিয়ে বিকাশে দ্রুত ২৫হাজার টাকা লেনদেন না করলে বিকাশ এজেন্ট বন্ধ হয়ে যাওয়ার হুমকী দেন।

এসময় দোকানের কর্মচারী লিটন কুমারকে অ্যাপস এর মাধ্যমে ওটিপি পিন ব্যবহার করে টাকা পাঠানোর পরামর্শ দেন। প্রতারক চক্রের সরল বিশ্বাসে ওটিপি পিনের মাধ্যমে ঝিনাইদহ বিকাশ হাউজের বিশ্বাস করে বৈডাঙ্গা অপূর্ণা স্টুডিও’র এজেন্ট নং ০১৯১১০৭৮৯২৪ থেকে ১২হাজার টাকা পাঠান হয়।

আরও দাবী করলে বিষয়টি জানাজানি হয়ে যায় এবং ঝিনাইদহ বিকাশ হাউজের এস আর শামীম এর নিকট জানতে চাইলে তিনি জানান ঝিনাইদহ বিকাশ অফিস থেকে কাউকে এভাবে ফোন দেওয়া হয়না। তিনি আরও বলেন নিশ্চয় এটি প্রতারণা চক্রের কাজ। এভাবে টাকা দেওয়া ঠিক হয়নি। বিষয়টি নিয়ে ব্যবসায়ীদের ভাবিয়ে তুলেছে, একারনে তারা বলেন বিকাশে প্রায়ই কোন না কোন প্রতারণার ঘটনা ঘটছে।

এবিষয়ে বিকাশ এজেন্ট ব্যবসায়ীদের লেনদেনের প্রশিক্ষণের ব্যবস্থাসহ আরও বেশী সতর্ক হওয়ার দাবি জানান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

২৫ ডিসেম্বর শুক্রবার সকালে কুষ্টিয়া ডায়োসিসের কেন্দ্রীয় উপাসনালয়ে এ প্রার্থনা অনুষ্ঠিত হয়। সকাল ১০ টা পর্যন্ত চলে বিশেষ প্রার্থনা ও বড়দিনের অনুষ্ঠান। প্রার্থনা পরিচালনা করেন কুষ্টিয়া ডায়োসিসের ক্যাথেকিটস শর্বানন্দ রত্ন।

তিনি দেশের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে প্রার্থনা করেন। প্রার্থনা শেষে একে অপরের সঙ্গে বড় দিনের শুভেচ্ছা বিনিময় করেন ও মিষ্টিমুখ করেন।

বাংলাদেশে খ্রিস্ট ধর্মানুসারীরা ধর্মীয় আচার, আনন্দ উৎসব ও প্রার্থনার মধ্য দিয়ে দিনটি উদযাপন করেন। রঙিন বাতি দিয়ে ক্রিসমাস ট্রি সাজানো, বিশেষ প্রার্থনা, শিশুদের উপহার দেয়া এবং স্বজনের সঙ্গে সাক্ষাৎ ছিল উৎসবের মূল অনুষঙ্গ।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় ব্যবসায়ীর মৃত্যু

কুষ্টিয়ায় ট্রাক চাপায় এমদাদুল হক (৪৫) এক ব্যবসায়ীর মৃত্যু হয়েছে।
শুক্রবার সকালের দিকে কুষ্টিয়া-খুলনা মহাসড়কের লক্ষীপুর মাজেদের ইটভাটা সংলগ্ন হাইওয়ে ব্রীজের কাছে এ দূর্ঘটনা ঘটে।
নিহত এমদাদুল হক ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু উপজেলার কালীশংকরপুর এলাকার তাছের বিশ্বাসের ছেলে। সে হরিনারায়নপুর বাজারের বিশিষ্ট্য ব্যবসায়ী।
পুলিশ জানায়, সকালে মোটরসাইকেল যোগে কুষ্টিয়ার দিকে যাওয়ার সময় লক্ষীপুর মাজেদের ইটভাটা সংলগ্ন হাইওয়ে ব্রীজের কাছে বিপরীত দিক থেকে একটি ট্রাকের ধাক্কায় ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তার মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। তবে এ ঘটনায় ঘাতক ট্রাক চালককে আটক করতে পারেনি।

অজ্ঞান পার্টির খপ্পড়ে পড়ে এক ব্যক্তি সর্বশান্ত, হাসপাতালে ভর্তি

অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে অসুস্থ হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছেন এক যাত্রী।
শুক্রবার বিকাল তিনটার দিকে ঢাকা থেকে মেহেরপুর গামী একটি পরিবহনের তিনি যাত্রী ছিলেন। পরিবহনটি মেহেরপুরে পৌছালে তিনি অচেতন থাকায় হেলপার ও সুপারভাইজার ওই ব্যক্তিকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। তবে এখনো পর্যন্ত ওই ব্যক্তির জ্ঞান না ফেরায় তার পরিচয় জানা যায়নি। তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালের তৃতীয় তলায় পুরুষ ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন।

শৈলকুপায় ওয়ারেন্টভুক্ত ১১ আসামি গ্রেফতার

ঝিনাইদহের শৈলকুপা থানা পুলিশের বিশেষ অভিযানে বিভিন্ন মামলার ১০ জন ওয়ারেন্টভ’ক্ত আসামী গ্রেফতার হয়েছে। শৈলকুপার বিভিন্ন এলাকা থেকে রাতেভোর অভিযান চালিয়ে আসামীদেব গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃুত আসামীরা হলেন- উপজেলার কবিরপুরের রাজিব, হরিদেবপুরের দবির, আব্দুল বিত্তিপাড়ার মান্নান, পুটিমারীর শরিফুল, কাজিপাড়ার আব্দুল মান্নান, আউশিয়ার মুক্তার, কাচেরকোলের বাবু, কৃষ্ণনগরের চন্দন কুমার, আড়ুয়াকান্দির সেলিম, শাহবাজপুরের রজব আলী।

শৈলকুপার আইন র্শংখলা পরিস্থিতি স্বাভাবিক থাকলেও পৌর নির্বাচনকে সামনে রেখে যে কোন সময় অশাস্ত হয়ে উঠতে পারে বলে মনে করেন সাধারণ মানুষ। শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম বলেন, বিভিন্ন মামলার ওয়ারেন্টভূক্ত আসামী গ্রেফতার করা হয়েছে, কোন

অপরাধীকে ছাড় দেওয়া হবে না। যে কোন পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তত আছে শৈলকুপা থানা পুলিশ।